

এসএমই ফাউন্ডেশন

ই-৫/সি-১, আগারগাঁও, প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭।

‘অমর একুশে গ্রন্থমেলা-২০২১’-এ এসএমই ফাউন্ডেশনের স্টলে এক্সিবিটর নিয়োগ

আগামী মার্চ-এপ্রিল ২০২১ মাসে বাংলা একাডেমি আয়োজিতব্য ‘অমর একুশে গ্রন্থমেলা-২০২১’ এ এসএমই ফাউন্ডেশনের স্টলে দায়িত্ব পালনের জন্য ২জন এক্সিবিটর নেয়ার লক্ষ্যে আগ্রহী প্রার্থীদের নিকট আবেদন আহবান করা যাচ্ছে।

কার্যপরিধি

- ক্রেতা ও দর্শনার্থীদের নিকট এসএমই ফাউন্ডেশনের পরিচিতি ও কর্মকাণ্ড তুলে ধরা।
- ফাউন্ডেশন কর্তৃক প্রকাশিত ও প্রচারিত এসএমই উন্নয়নে বিভিন্ন ধরনের তথ্য, উপাত্ত, পরামর্শ ও দিক নির্দেশনামূলক গ্রন্থ/প্রকাশনা/নিউজলেটার/ব্রসিউর বিতরণ ও বিক্রয়।

যোগ্যতা

- শিক্ষাগত যোগ্যতা: ন্যূনতম স্নাতক ডিগ্রী।
- বয়স: ২৫-৩০
- জাতীয়তা: বাংলাদেশী নাগরিক।
- ভাষা দক্ষতা: বাংলা ও ইংরেজী কথোপকথনে দক্ষ।

দায়িত্বপালনের সময়সীমা

- ১৭ মার্চ ২০২১ হতে ১৭ এপ্রিল ২০২১। তবে মেলার সময়সীমা বৃদ্ধি করা হলে উক্ত সময়েও এসএমই ফাউন্ডেশনের স্টলে দায়িত্ব পালন করতে হবে।
- ‘অমর একুশে গ্রন্থমেলা’ কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত মেলা চলাকালীন সময়ে দায়িত্ব পালন করবেন।

দায়িত্বপালনের জন্য সম্মানী

উপস্থিতি সাপেক্ষে প্রতিদিন ৭০০/- টাকা হারে প্রতিজন ৩১ দিনের জন্য ২১,৭০০/- (একুশ হাজার সাতশত) টাকা সম্মানী প্রদান করা হবে। মেলার সময় বাড়ানো হলে অতিরিক্ত দিনের জন্য নির্ধারিত হারে সম্মানী প্রাপ্ত হবেন।

আগ্রহী প্রার্থীদের আগামী ০৩ মার্চ ২০২১ দুপুর ১২:০০ টার মধ্যে পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্তসহ নিম্নবর্ণিত ঠিকানা বরাবর আবেদনপত্র জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো। খামের উপরে ‘অমর একুশে গ্রন্থমেলা-২০২১’ -এ এসএমই ফাউন্ডেশনের স্টলে এক্সিবিটর’ কথাটি লিখতে হবে।

ব্যবস্থাপনা পরিচালক

এসএমই ফাউন্ডেশন

ই-৫/সি-১, আগারগাঁও, প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭।